গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
পরিকল্পনা-৩ শাখা

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম" শীর্ষক প্রকল্পের পিআইসি কমিটির ৫ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এন এম জিয়াউল আলম, পিএএ<br>সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। |
| সভার তারিখ | ২০ ডিসেম্বর ২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকায় |
| স্থান | Zoom Cloud Platform. |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণের পরিচয়পর্ব শেষে সভাপতি এটুআই-এর প্রকল্প পরিচালক ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর (যুগ্ম সচিব)-কে সভার আলোচ্যসূচি ও প্রস্তাব উপস্থাপনের অনুরোধ জানান। সভাপতি সভায় উপস্থিত সকলকে আলোচনায় সক্রিয় অংশগ্রহণের আহবান জানান। এটুআই-এর প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী প্রকল্পের বিভিন্ন উদ্যোগের অগ্রগতি ও প্রস্তাব সভায় উপস্থাপন করেন।

**২। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়করণ এবং সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা :**

| ক্রম | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৩.১ | প্রকল্পের কর্মকর্তাদের জন্য পর্যাপ্ত অফিস স্পেস নিশ্চিতকরণে ডাক ভবন এবং বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সঙ্গে যোগাযোগের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের কর্মকর্তাদের জন্য পর্যাপ্ত অফিস স্পেস নিশ্চিতকরণে আইডিবি ভবনের ৯ম তলায় ৯০০০ বর্গফুট অফিস স্পেস ভাড়া নেয়া হয়েছে। এছাড়াও, মন্ত্রিপরিষদ বিভাগের পরিবহন পুল ভবনে অফিস স্পেস বরাদ্দ পাওয়া গিয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ৪ অক্টোবর ২০২১ তারিখে অফিস স্পেস বরাদ্দকল্পে একটি পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর হতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে এটুআই-এর জন্য অফিস স্পেস নিশ্চিতকরণের লক্ষ্যে যোগাযোগ করা হচ্ছে। |
| ৩.২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং এটুআই ও বেসিস-এর প্রতিনিধিগণের উপস্থিতিতে 'বেসিস ই-গভ হাব' কমিটি-এর সভা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে বেসিস-এর পরিচালনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হলে ৩১ জানুয়ারি ২০২২ এর মধ্যে উক্ত সভাটি আয়োজন করা হবে। |
| ৩.৩ | আইসিটি বিভাগ, বিসিসি এবং আওতাধীন দপ্তরের জন্য বিশেষ ডিএসডিএল আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী এবং সিনিয়র সচিব-এর নির্দেশনা মোতাবেক ১৫ জানুয়ারি ২০২২ এর মধ্যে বিসিসি এবং পরবর্তীতে সিনিয়র সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে অন্যান্য দপ্তরের জন্য বিশেষ ডিএসডিএল আয়োজন করা হবে |
| ৩.৪ | জাতীয় রাজস্ব বোর্ড-এর ডিজিটাল প্লাটফর্ম-এর সঙ্গে একপে প্লাটফর্ম-এর ইন্টিগ্রেশনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এর সঙ্গে যোগাযোগ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এর সঙ্গে যোগাযোগ চলমান রয়েছে। মার্চ ২০২২ মাসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড-এর ডিজিটাল প্লাটফর্ম-এর সঙ্গে একপে প্লাটফর্ম-এর ইন্টিগ্রেশন সম্পন্ন করা হবে। |

| | | |
|---|---|---|
| ৩.৫ | ক) মাইগভ প্লাটফর্ম-এর মাধ্যমে ডিজিটাইজডকৃত জনবান্ধব সেবাসমূহ মন্ত্রণালয়ের নিজস্ব উদ্যোগে প্রচারের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে সকল মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে মাইগভের আওতাভুক্ত ২১টি মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও, মন্ত্রিপরিষদ বিভাগের অনুশাসন নিয়ে এটুআই প্রকল্প হতে ৫০টি জনবান্ধব সেবার প্রচারের লক্ষ্যে চিহ্নিত করা হয়েছে। |
| | খ) মাইগভ-এর প্রচার বিষয়ক কর্মশালাগুলোতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের একজন নির্ধারিত প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে একটি পত্র প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে ৪ নভেম্বর ২০২১ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং তাদের সঙ্গে যোগাযোগ অব্যাহত রয়েছে। |
| ৩.৬ | সিভিল সার্ভিস ২০৪১-এর ডিজাইনকৃত কন্টেন্ট এবং পরবর্তী পদক্ষেপ মন্ত্রিপরিষদ সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, সিভিল সার্ভিস ২০৪১-এর ডিজাইনকৃত কন্টেন্ট এবং পরবর্তী পদক্ষেপ মাননীয় আইসিটি বিভাগের মাননীয় সিনিয়র সচিবের নিকট ১৯ ডিসেম্বর ২০২১ তারিখে উপস্থাপন করা হয়েছে। জানুয়ারি ২০২২ মাসের মধ্যে এ বিষয়টি মন্ত্রিপরিষদ সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে। |
| ৩.৭ | প্রকল্প স্টিয়ারিং কমিটি'র পরবর্তী সভায় ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহীত প্রকল্প সমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প স্টিয়ারিং কমিটি'র ৪র্থ সভায় এ সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করা হবে। |
| ৩.৮ | এটুআই কর্তৃক এবং মন্ত্রণালয়ের নিজ উদ্যোগে প্রস্তুতকৃত ডিজিটাল সিস্টেমসমূহের এক্সেসেবিলিটি নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এটুআই কর্তৃক এবং মন্ত্রণালয়ের নিজ উদ্যোগে প্রস্তুতকৃত ডিজিটাল সিস্টেমসমূহের এক্সেসেবিলিটি নিশ্চিতকরণের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে মুক্তপাঠ, জাতীয় তথ্য বাতায়ন, মাইগভ, ই-নথি, একপে, NISE3, বৈঠক ইত্যাদি ডিজিটাল সিস্টেমসমূহের এক্সেসেবিলিটি নিশ্চিতকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটুআই-এর চিফ স্ট্র্যাটেজিস্ট (ই-গভর্নেন্স) জনাব ফরহাদ জাহিদ শেখ জানান যে, বিভিন্ন মন্ত্রণালয়ের ডিজিটাল সিস্টেম প্রস্তুতের কোয়ালিটি টেস্টিং-এর চেকলিস্ট-এ এক্সেসেবিলিটি'র বিষয়টি অন্তর্ভুক্ত করা হলে তা বাস্তবায়ন উপযোগী হবে। সভাপতি সকল ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং এবং এক্সেসেবিলিটি নিশ্চিত করার লক্ষ্যে এক্সেসেবিলিটি গাইডলাইন ও এক্সেসেবিলিটি'র বিষয় অন্তর্ভুক্ত করে কোয়ালিটি টেস্টিং চেকলিস্টটি সকল মন্ত্রণালয়ে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) কে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট সকল মন্ত্রণালয়ে এটি প্রজ্ঞাপন আকারে জারি করবে। |
| ৩.৯ | ব্লেন্ডেড শিক্ষা কাঠামো প্রণয়নের মহাপরিকল্পনার খসড়া রূপরেখা পর্যালোচনার লক্ষ্যে 'গবেষণা ও উন্নয়ন' উপ-কমিটি'র সভা আয়োজন করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, 'গবেষণা ও উন্নয়ন' উপ-কমিটি'র সভা ৭ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। |
| ৩.১০ | বিসিসি-এর পরিচালক (সিএ অপারেশন ও নিরাপত্তা) ও পরিচালক (ডাটা সেন্টার) জনাব তারেক এম বরকতউল্লাহ-এর নেতৃত্বে বিসিসি, এনডিসি, ডিএসএ, বিটিআরসি-এর সঙ্গে সমন্বয়ে খসড়া ডিজাস্টার রিকভারি গাইডলাইন প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক জানান যে, এ লক্ষ্যে উল্লিখিত সহযোগী প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের সঙ্গে যোগাযোগ চলমান রয়েছে। ফেব্রুয়ারি ২০২২ মাসের মধ্যে ডিজাস্টার রিকভারি গাইডলাইনের খসড়া প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগে প্রেরণ করা হবে। |

| | | |
|---|---|---|
| ৩.১১ | প্রকল্প স্টিয়ারিং কমিটি'র পরবর্তী সভার আলোচ্যসূচিতে নিম্নোক্ত বিষয়াবলী উপস্থাপন করতে হবে-<br>ক) ডিজিটাল সেবা ব্যবহারকারী প্রতিটি সরকারি দপ্তরের জন্য রিডান্ড্যান্ট কানেক্টিভিটি-সহ লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN) স্থাপন;<br>খ) ডিজিটাল সেবা বাস্তবায়নে সকল মন্ত্রণালয়/বিভাগের ইনোভেশন টিম ও আইসিটি সেলকে যৌথভাবে কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক অনুরোধ জ্ঞাপন; এবং<br>গ) ৪র্থ শিল্পবিপ্লব সংক্রান্ত কার্যক্রম আইসিটি সেল-এর অন্তর্ভুক্তকরণ। | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প স্টিয়ারিং কমিটি'র ৪র্থ সভায় উক্ত বিষয়াবলী উপস্থাপন করা হবে। |

**আলোচ্যসূচি-১: ই-নথির সার্ভার ক্রয় সংক্রান্ত আলোচনা:**
প্রকল্প পরিচালক জানান যে, ই-নথি সিস্টেমের গতিশীলতা বৃদ্ধি ও কারিগরি সমস্যা সমাধানের জন্য নতুন সার্ভার প্রয়োজন। ই-নথি সংক্রান্ত কারিগরি কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিডিসিসিএল-এ ই-নথি সিস্টেম-এর জন্য নতুন সার্ভার ক্রয় বাবদ ৩৫.৪৫ কোটি টাকা এবং সিস্টেম ইনস্টলেশন বাবদ ১০ কোটি টাকা (সর্বমোট ৪৫.৪৫ কোটি টাকা) অর্থ সংস্থান প্রয়োজন। তিনি আরও জানান যে, প্রকল্পে সার্ভার খাতে অবশিষ্ট ২৫ কোটি টাকার সংস্থান রয়েছে। এছাড়াও, অতিরিক্ত ২০ কোটি টাকার অর্থ আইসিটি বিভাগ হতে বরাদ্দ প্রদান করা যেতে পারে। প্রকল্প পরিচালক জানান যে, সার্ভার খাতে প্রকল্পে অবশিষ্ট ২৫ কোটি টাকা এককালীন উত্তোলনের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনের লক্ষ্যে পত্র প্রেরণ করা যেতে পারে। তিনি আরও জানান যে, আইসিটি বিভাগের থোক বরাদ্দ হতে এটুআই প্রকল্পকে এ বাবদ ২০ কোটি টাকা অর্থ বরাদ্দের অনুরোধ করা যেতে পারে।

এ প্রসঙ্গে সভাপতি জানান যে, মার্চ ২০২২ মাসের মধ্যে ওরাকল কর্পোরেশনের সঙ্গে চুক্তি সাপেক্ষে নতুন ক্লাউড সার্ভার প্রতিষ্ঠিত হবে। সেক্ষেত্রে বর্তমানে ই-নথি সিস্টেমের জন্য নতুন সার্ভার ক্রয় করলে তার সঠিক ব্যবহার নিশ্চিত করা যাবে কিনা সভাপতি তা জানতে চান। এ প্রসঙ্গে প্রকল্প পরিচালক জানান যে, ই-নথি সিস্টেম-এর ওরাকল সার্ভারে স্থানান্তর এবং ডাটা মাইগ্রেশন কার্যক্রম সম্পন্ন করতে সময় প্রয়োজন বিধায় বর্তমানে সার্ভার ক্রয় একান্ত জরুরী। তিনি আরও জানান যে, পরবর্তীতে এ সার্ভারটি আইসিটি বিভাগ প্রয়োজনীয় কাজে ব্যবহার করতে পারবে।

আইসিটি বিভাগের উপসচিব মোছাঃ আসপিয়া আকতার জানান যে, ই-নথি সিস্টেমের সার্ভার খরচ বাবদ বরাদ্দের লক্ষ্যে প্রকল্পের মেয়াদ এবং বাজেট বৃদ্ধি করে প্রকল্প দলিল পরিমার্জনের সঙ্গে 'প্রজেক্ট ডকুমেন্ট' প্রোডক পরিমার্জন করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়াও, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি দ্রুত সম্পন্ন করতে হবে। তিনি আরও জানান যে, ই-নথির সার্ভার ক্রয় ও ইন্সটলেশন কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের বাস্তবায়ন পর্যায়ে কার্যক্রম চলমান রাখার জন্য সীমিত আকারে মোট প্রকল্প ব্যয়ের অনূর্ধ্ব ৫% নতুন কোন অঙ্গ অন্তর্ভুক্তি অথবা অনুমোদতি অঙ্গের ব্যয়/পরিমাণের কোন পরিবর্তন জরুরি প্রয়োজন হলে এবং প্রকল্প সংশোধন যদি সময়সাপেক্ষ হয় তা হলে প্রকল্প সংশোধনের পূর্বে পরিকল্পনা কমিশনের অনুমতি গ্রহণপূর্বক তা করা যাবে। পরবর্তীতে প্রকল্প সংশোধনের সময় এ পরিবর্তন প্রকল্প দলিলে সংযোজনপূর্বক সংশোধন করতে হবে। কাজেই ই-নথির সার্ভার ক্রয় ও ইন্সটলেশন কার্যক্রম দ্রুত সময়ে সম্পন্ন করার জন্য পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদন নিয়ে তা করা যেতে পারে। পরবর্তীতে প্রকল্প দলিল সংশোধনের সময় তা টিপিপিতে সংযোজন করতে হবে। সভাপতি প্রকল্পের মেয়াদ এবং বাজেট বৃদ্ধির বিষয়টি পরিমার্জিত প্রকল্প দলিল এবং 'প্রজেক্ট ডকুমেন্ট'- এ অন্তর্ভুক্ত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং পরবর্তীতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।

**আলোচ্যসূচি ২: ডাটা সেন্টারের সার্ভিস চার্জ সংক্রান্ত আলোচনা:** প্রকল্প পরিচালক জানান যে, এটুআই হতে সকল ডিজিটাল সেবার হোস্টিং বাবদ বিডিসিসিএল এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে হোস্টিং চার্জ সংক্রান্ত বিল পরিশোধের পত্র গৃহীত হয়েছে, যা পরিশোধের পদ্ধতি নিরূপণ করা জরুরি। উল্লেখ্য যে, সিস্টেমের সংখ্যা এবং ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধির সঙ্গে উক্ত হোস্টিং চার্জ-এর পরিমাণ বৃদ্ধি পেতে পারে। প্রকল্প পরিচালক জানান যে, ডাটা সেন্টারের সার্ভিস চার্জ আইসিটি বিভাগ হতে বিডিসিসিএল এবং বিসিসি'কে সরাসরি প্রদান করা যেতে পারে। তিনি আরও জানান যে, আইসিটি বিভাগকে উক্ত অর্থ বরাদ্দের লক্ষ্যে অর্থ বিভাগকে একটি পত্র প্রেরণ করতে হবে। এটুআই-এর পলিসি এডভাইজর জনাব আনীর চৌধুরী জানান যে, এটুআই-এর সকল ডিজিটাল সিস্টেমের স্থায়িত্ব এবং টেকসইকরণ নিশ্চিতকরণে বিলিং পদ্ধতি নিরূপণ করা জরুরি। সভাপতি এর আলোকে সকল ডিজিটাল সিস্টেমের বিলিং পদ্ধতি নির্ধারণের নির্দেশনা প্রদান করেন।

**আলোচ্যসূচি-৩: প্রকল্প দলিল পরিমার্জন সংক্রান্ত অগ্রগতি**

প্রকল্প পরিচালক জানান যে, এটুআই প্রকল্পের পিআইসি-এর ২য় সভায় প্রকল্প দলিল পরিমার্জনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও, প্রকল্পের ৪র্থ পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প দলিলে কোভিড-১৯ মোকাবিলায় গৃহীত কার্যক্রম (ডিজিটাল হেলথ এবং ডিজিটাল জুডিশিয়ারি) এবং উত্তম চর্চা বৈশ্বিক পরিসরে বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম অন্তর্ভুক্তকরণ ও প্রয়োজনীয় অর্থের সংস্থান রেখে দলিল পরিমার্জনের নির্দেশনা প্রদান করা হয়েছে। গত ৬ অক্টোবর ২০২১ তারিখে আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে এটুআই প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন শীর্ষক সভায় প্রকল্পের মেয়াদ ২০২৫ সাল পর্যন্ত বৃদ্ধিপূর্বক দলিলে প্রয়োজনীয় আর্থিক এবং লোকবল সংক্রান্ত পরিমার্জনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে, প্রকল্প দলিল পরিমার্জন বিষয়ক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে আইসিটি বিভাগে একটি পত্র প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে, ইউএনডিপি বাংলাদেশের সঙ্গে সভার মাধ্যমে মৌখিক সম্মতিও গ্রহণ করা হয়েছে। এর আলোকে প্রকল্পের সংশোধিত (প্রস্তাবিত) বাজেট নিম্নরূপ:

| ফান্ড | বর্তমান (কোটি টাকা) | প্রস্তাবিত (কোটি টাকা) | বৃদ্ধি/(হ্রাস) |
|---|---|---|---|
| জিওবি | ৪০৩.৬৫ | ৬০২.৬৫ | **৪৯%** |
| প্রকল্প সাহায্য | ৮১.৮০ | ২৬৪.০০ | **২২%** |
| মোট | **৪৮৫.৪৫** | **৮৬৬.৬৫** | **৭৮%** |

এ প্রসঙ্গে আইসিটি বিভাগের উপসচিব মোছাঃ আসপিয়া আকতার জানান যে, প্রকল্পের মেয়াদ এবং বাজেট বৃদ্ধি করে উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে চুক্তি নবায়ন করাসহ প্রকল্প দলিল পরিমার্জন করতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তি দ্রুত সম্পন্ন করতে হবে। সভাপতি প্রকল্পের মেয়াদ এবং বাজেট বৃদ্ধির বিষয়টি 'প্রজেক্ট ডকুমেন্ট'-এ অন্তর্ভুক্ত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ এবং টিপিপি পরিমার্জনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

**আলোচ্যসূচি-৪ বিবিধ:**

**(ক) 'ডমেস্টিক সেভিংস মোবিলাইজেশন' প্রকল্পের প্রস্তাবিত স্টিয়ারিং কমিটি সংক্রান্ত আলোচনা:** এটুআই প্রকল্পের পলিসি এডভাইজর জনাব আনীর চৌধুরী জানান যে, ইউএনডিপি'র সহায়তায় এটুআই প্রকল্প এবং UNCDF যৌথভাবে 'ডমেস্টিক সেভিংস মোবিলাইজেশন' প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রকল্পের আওতায় Fintech প্লাটফর্ম ব্যবহারের মাধ্যমে স্বল্প খরচে দেশের সকল স্তরের জনগণের অংশগ্রহণে এসডিজি অবকাঠামো অর্থায়নে একটি বিকল্প মডেল উপস্থাপন করা হয়েছে। এই মডেলের আওতায় আর্থিক প্রযুক্তি (Fintech) ব্যবহারের মাধ্যমে একটি Crowdfunding প্লাটফর্ম তৈরি করা হবে। এই প্লাটফর্মের মাধ্যমে দেশের সকল নাগরিক তাদের ক্ষুদ্র সঞ্চয় সরাসরি এসডিজি সংক্রান্ত বিভিন্ন প্রকল্প তহবিলে ডিজিটাল মাধ্যমে বিনিয়োগ করতে পারবে। ইতোমধ্যে, প্রস্তাবিত প্রকল্পটি জাতিসংঘ মহাসচিবের Digital Finance Taskforce-এর একটি Pathway প্রকল্প হিসেবে চিহ্নিত হয়েছে এবং UNDP-এর Multi Partner Trust Fund থেকে আর্থিক সহায়তার জন্য নির্বাচিত হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে একটি স্টিয়ারিং কমিটির সার্বিক ব্যবস্থাপনা ও দিকনির্দেশনায় প্রকল্পটি পরিচালিত হবে। প্রস্তাবিত স্টিয়ারিং কমিটি নিম্নরূপ:

| ক্রমিক | বিবরণ | ব্যক্তি/প্রতিষ্ঠান | ভূমিকা |
|---|---|---|---|
| ১ | উপদেষ্টা | মুখ্য-সমন্বয়ক-(এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় | উপদেষ্টা |
| ২ | কার্যক্রম বাস্তবায়ন | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সভাপতি |
| ৩ | কার্যক্রম বাস্তবায়ন | প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প | সদস্য সচিব |
| ৪ | | প্রতিনিধি, অর্থ বিভাগ | সদস্য |
| ৫ | | ব্যবস্থাপনা পর্ষদ/ Sustainable Finance Department, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৬ | | চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ৭ | | শীর্ষ ব্যবস্থাপক/ ফান্ড ম্যানেজার, IDCOL, BIFFL, Start-up Bangladesh Ltd. | সদস্য |
| ৮ | | শীর্ষ ব্যবস্থাপক, এমএফএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠান | সদস্য |
| ৯ | | প্রতিনিধি, ইউএনসিডিএফ | সদস্য |

সভাপতি প্রকল্পের প্রস্তাবিত স্টিয়ারিং কমিটি'তে স্টার্ট-আপ বাংলাদেশ কোম্পানি লিমিটেড-এর প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন।

**(খ) অথরিটি টু ইনোভেশন (এটুআই) ২০২১ আইন সংক্রান্ত অগ্রগতি:** প্রকল্প পরিচালক জানান যে, 'অথরিটি টু ইনোভেশন (এটুআই) আইন, ২০২১' এর খসড়ার ওপর পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-এর ২২ নভেম্বর ২০২১ তারিখের ৩য় সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়া আইনটি পরিমার্জনের নির্দেশনা প্রদান করে ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে এটুআইকে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত কমিটি কর্তৃক প্রাপ্ত সুপারিশের আলোকে খসড়া আইন পরিমার্জনের কার্যক্রম চলমান রয়েছে যা ২৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। সভাপতি অথরিটি টু ইনোভেশন (এটুআই) ২০২১-এর আনুষ্ঠানিক অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।

**(গ) প্রকল্পের আর্থিক অগ্রগতি:** প্রকল্প পরিচালক জানান যে, ২০২১-২২ অর্থবছরে মোট বরাদ্দ ৯০.০৮ কোটি টাকা, যার মধ্যে ০১ জুলাই ২০২১ – ১৪ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৪০.২৩ কোটি টাকা ব্যয় হয়েছে।

| প্রকল্পের আর্থিক অগ্রগতি (কোটি টাকায়) | | | |
|---|---|---|---|
| | জিওবি | প্রকল্প সাহায্য | মোট |
| মোট বরাদ্দ ১ জানুয়ারি ২০২০-৩১ ডিসেম্বর ২০২৩ | ৪০৩.৬৫ | ৮১.৮০ | ৪৮৫.৪৫ |
| মোট ব্যয় ১ জানুয়ারি ২০২০ ১৪ ডিসেম্বর ২০২১ | ৯৮.৭১ | ৪৯.৯৪ | ১৪৮.৬৫ |
| আর্থিক অগ্রগতি (%) | ২৪% | ৬১% | ৩১% |
| ২০২১-২০২২ অর্থবছরের আর্থিক অগ্রগতি | | | |
| | জিওবি | প্রকল্প সাহায্য | মোট |
| এডিপি বরাদ্দ | ৬৮.৪৬ | ২১.৬২ | ৯০.০৮ |
| অবমুক্ত | ৩৩.৯৪ | ১২.৫১ | ৪৬.৪৫ |
| ব্যয় ১ জুলাই ২০২১ ১৪ ডিসেম্বর ২০২১) | ২৭.৭২ | ১২.৫১ | ৪০.২৩ |
| আর্থিক অগ্রগতি (%) | ৪০% | ৫৮% | ৪৫% |

### ৩। সভায় আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

| ক্রম | সিদ্ধান্ত | সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|
| ৩.১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং এটুআই ও বেসিস-এর প্রতিনিধিগণের উপস্থিতিতে 'বেসিস ই-গভ হাব' কমিটি-এর সভা আয়োজন করতে হবে। | জানুয়ারি ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই, বেসিস |
| ৩.২ | আইসিটি বিভাগ, বিসিসি এবং আওতাধীন দপ্তরের জন্য বিশেষ ডিএসডিএল আয়োজন করতে হবে। | জানুয়ারি ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই |
| ৩.৩ | জাতীয় রাজস্ব বোর্ড-এর ডিজিটাল প্লাটফর্ম-এর সঙ্গে একপে প্লাটফর্ম-এর ইন্টিগ্রেশন করতে হবে। | **মার্চ ২০২২** | জাতীয় রাজস্ব বোর্ড, এটুআই |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | সিভিল সার্ভিস ২০৪১-এর ডিজাইনকৃত কন্টেন্ট এবং পরবর্তী পদক্ষেপ মন্ত্রিপরিষদ সচিব, অর্থ বিভাগের সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে। | জানুয়ারি ২০২২ | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, এটুআই |
| ৩.৫ | বিসিসি, এনডিসি, ডিএসএ, বিটিআরসি-এর সঙ্গে সমন্বয়ে খসড়া ডিজাস্টার রিকভারি গাইডলাইন প্রস্তুতপূর্বক আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। | **মার্চ ২০২২** | বিসিসি, এনডিসি, ডিএসএ, বিটিআরসি, এটুআই |
| ৩.৬ | সকল ডিজিটাল সিস্টেমের কোয়ালিটি টেস্টিং এবং এক্সেসেবিলিটি নিশ্চিত করার লক্ষ্যে এক্সেসেবিলিটি গাইডলাইন ও এক্সেসেবিলিটি'র বিষয় অন্তর্ভুক্ত করে কোয়ালিটি টেস্টিং চেকলিস্টটি সকল মন্ত্রণালয়ে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট কে প্রেরণ করতে হবে। সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট কর্তৃক সকল মন্ত্রণালয়ে এটি প্রজ্ঞাপন আকারে জারি করার সুপারিশ করা হলো। | ফেব্রুয়ারি ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, এটুআই |
| ৩.৭ | (ক) ই-নথি সার্ভার খাতে প্রকল্পের অবশিষ্ট ২৫ কোটি টাকা এককালীন উত্তোলনের বিষয়ে অর্থ বিভাগের অনুমোদনের লক্ষ্যে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) ই-নথি সিস্টেমের জন্য সার্ভার ক্রয়ের লক্ষ্যে আইসিটি বিভাগের থোক বরাদ্দ হতে পরিকল্পনা কমিশনের পূর্বানুমোদনক্রমে মোট প্রকল্প ব্যয়ের অনূর্ধ্ব ৫% অর্থ এটুআই প্রকল্পকে বরাদ্দ প্রদান করতে হবে এবং পরিমার্জনের লক্ষ্যে প্রকল্প দলিলে তা অন্তর্ভুক্ত করতে হবে। | জানুয়ারি ২০২২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, অর্থ বিভাগ, এটুআই |
| ৩.৮ | আইসিটি বিভাগকে ডাটা সেন্টারের সার্ভিস চার্জ বাবদ অর্থ বরাদ্দের লক্ষ্যে অর্থ বিভাগকে একটি পত্র প্রেরণ করতে হবে। উক্ত অর্থ বরাদ্দ সাপেক্ষে সরকার হতে ডাটা সেন্টারের সার্ভিস চার্জ বিডিসিসিএল এবং বিসিসি'কে প্রদান করা হবে। | ডিসেম্বর ২০২১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, অর্থ বিভাগ। |
| ৩.৯ | সকল ডিজিটাল সার্ভিসের বিলিং পদ্ধতি নিরূপণ করতে হবে যাতে করে ভবিষ্যতে সরকারি দপ্তরসমূহ ডাটা সেন্টারের চার্জ স্ব-স্ব উদ্যোগে প্রদান করতে পারে। | ফেব্রুয়ারি ২০২২ | এটুআই |
| ৩.১০ | প্রকল্পের মেয়াদ এবং বাজেট বৃদ্ধির বিষয়টি প্রকল্প দলিলে অন্তর্ভুক্ত করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে এবং পরবর্তীতে টিপিপি পরিমার্জনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | জানুয়ারি ২০২২ | পরিকল্পনা বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই। |
| ৩.১১ | 'ডমেস্টিক সেভিংস মোবিলাইজেশন' শীর্ষক প্রকল্পের নিম্নরূপ প্রস্তাবিত স্টিয়ারিং কমিটি-এর সুপারিশ করা হলো: (নিচের সারণি দেখুন) | - | এটুআই। |

| ক্রমিক | বিবরণ | ব্যক্তি/প্রতিষ্ঠান | ভূমিকা |
|---|---|---|---|
| ১ | উপদেষ্টা | মুখ্য-সমন্বয়ক-(এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় | উপদেষ্টা |
| ২ | কার্যক্রম বাস্তবায়ন | সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সভাপতি |
| ৩ | কার্যক্রম বাস্তবায়ন | প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প | সদস্য সচিব |
| ৪ | | প্রতিনিধি, অর্থ বিভাগ | সদস্য |
| ৫ | | ব্যবস্থাপনা পর্ষদ/ Sustainable Finance Department, বাংলাদেশ ব্যাংক | সদস্য |
| ৬ | | চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | সদস্য |
| ৭ | | শীর্ষ ব্যবস্থাপক/ ফান্ড ম্যানেজার, IDCOL, BIFFL, Start-up Bangladesh Ltd. | সদস্য |
| ৮ | | শীর্ষ ব্যবস্থাপক, এমএফএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠান | সদস্য |
| ৯ | | প্রতিনিধি, ইউএনসিডিএফ | সদস্য |

৪। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এন এম জিয়াউল আলম, পিএএ
সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৫.৩২.০০৫.২০.৪৫৪

তারিখ: ৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৩) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।
৮) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
৯) সচিব, শিল্প মন্ত্রণালয়।
১০) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
১১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
১২) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
১৩) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
১৪) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
১৫) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
১৬) অতিরিক্ত সচিব, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৭) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৮) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৯) মহাপরিচালক (প্রশাসন), মহাপরিচালক ৪, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২০) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২১) পলিসি অ্যাডভাইজর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২২) আবাসিক প্রতিনিধি, উধ্বতন কর্মকর্তা, ইউএনডিপি, বাংলাদেশ।
২৩) সভাপতি, এফবিসিসিআই।
২৪) সভাপতি, ডিসিসিআই।
২৫) সভাপতি, ই-কমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ।
২৬) সভাপতি, বেসিস।
২৭) উপসচিব, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২৮) উপসচিব , উন্নয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২৯) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৩১) প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন স্পেশালিস্ট (প্রজেক্ট ম্যানেজার), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।

রোজিনা আক্তার
সিনিয়র সহকারী সচিব